দৈনিক বাংলা

তারিখ 23 SEP 1996
পৃষ্ঠা ২ কলাম ৫

# শিক্ষা ক্ষেত্রে যথাযথ নিয়মবিধি অনুসরণ করা হবে ঃ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকার শিক্ষার ক্ষেত্রে কিছু মূলনীতি ও যথাযথ নিয়ম-কানুন অনুসরণ করবেন যাতে জাতীয় গুরুত্বপূর্ণ এই খাতে শৃংখলা ফিরিয়ে আনা যায়। খবর বাসস'র।

রোববার বিসিএস সাধারণ শিক্ষা সমিতির ২৪ সদস্যের একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করে। তাদের সঙ্গে আলাপকালে প্রধানমন্ত্রী বলেন, বিগত সরকার শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ, শিক্ষক নিয়োগ এবং শিক্ষাখাতে অন্যান্য বিষয়ের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কোন বিধি বা প্রক্রিয়া অনুসরণ করেনি। তিনি শিক্ষক-

(৫-এর পৃঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) প্রধানমন্ত্রী

দের দেশের শিক্ষার মান বৃদ্ধিতে সহায়তা করার আহ্বান জানান। সমিতির সভাপতি এবিএম জনাব জ্বালী ও প্রতিনিধিদলের সদস্য ডঃ হামিদা বানু, প্রফেসর আর ইউসুফ, প্রফেসর ফাহমিদা খাতুন, জাহানারা বেগম, প্রফেসর মাহমুদা খাতুন ও প্রফেসর খুদরত-ই-খুদাও এ উপলক্ষে বক্তব্য রাখেন। সমিতির নেতৃবৃন্দ বিগত সরকারের আমলে অব্যবস্থাপনা, দলীয়করণ ও স্বজনপ্রীতির বিভিন্ন অভিযোগ উথাপন করেন। যেগুলো শিক্ষকদের মাঝে বৈষম্যসহ শিক্ষাখাতে 'সমূহ ক্ষতি সাধন' করেছে। প্রধানমন্ত্রী ধৈর্যসহকারে শিক্ষকদের সমস্যার কথা শোনেন এবং তাদের এই মর্মে আশ্বাস দেন যে এসব সমস্যা আইন ও নিয়মানুযায়ী নিরসনকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

প্রধানমন্ত্রীর সচিব ডঃ মহিউদ্দিন খান আলমগীর; প্রধানমন্ত্রীর প্রেস সেক্রেটারী জাওয়াদুল করিমও এ সময় উপস্থিত ছিলেন।